গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার

# অধ্যক্ষের কার্যালয়
# জাহাঙ্গীরপুর সরকারি কলেজ

মহাদেবপুর, নওগাঁ।

EIIN- 123407 রাজশাহী শিক্ষা বোর্ড কোড- ২৬২৫ জাতীয় বিশ্ববিদ্যালয় কোড- ২৪০৯ মাউশি কোড- ০১৫১

ফোনঃ ০৭৪২৬৭৫০৫৯ মোবাইলঃ ০১৩০৯-১২৩৪০৭/০১৭৯৭-১৮২২৬২ E-mail: jgovtcoll@gmail.com Web: jgcbd.net


বিজ্ঞপ্তি নং- জাসক/২০২৪/ ০৭-০২ তারিখ: ১০/০৭/২০২৪খ্রি.

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির চূড়ান্ত ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা যে সকল শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে অনলাইনে আবেদনের মাধ্যমে একাদশ শ্রেণির বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় জাহাঙ্গীরপুর সরকারি কলেজ, মহাদেবপুর, নওগাঁয় ভর্তির সুযোগ পেয়ে ভর্তি নিশ্চায়ন করেছে তাদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ১৫/০৭/২০২৪ থেকে ২৫/০৭/২০২৪ তারিখ পর্যন্ত বিলম্ব ফি ছাড়া একাদশ শ্রেণির ভর্তি কার্যক্রম চলবে। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা নিম্নে উল্লেখ করা হলো:

<u>শিক্ষার্থীদের নিম্নলিখিত তিনটি ধাপে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে</u>

<u>১ম ধাপ</u>: www.jgcbd.net ওয়েব সাইটের অনলাইন ভর্তি মেনু-এর ডাউনলোড পে-স্লিপ অপশনে প্রয়োজনীয় তথ্য (Select your Item-এর ঘরে HSC 1st year AD এবং শিক্ষার্থীর SSC Roll ও Passing Year) প্রদান করে পে-স্লিপ ডাউনলোড করে পে-স্লিপে উল্লিখিত টাকা ডাচ্ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং সিস্টেম "রকেট" এর মাধ্যমে কলেজের একাউন্ট (3071) এ জমা দিতে হবে এবং Transaction ID নম্বরটি পে-স্লিপে লিখে সংরক্ষণ করতে হবে।

<u>২য় ধাপ</u>: টাকা জমা দানের পর পুনরায় www.jgcbd.net ওয়েবসাইটের অনলাইন ভর্তি মেনু থেকে কলেজের ভর্তি ফরম-এ প্রবেশ করে ফি জমা দানের Transaction ID ইনপুট দিয়ে অন্যান্য সকল তথ্য পুরণ করে সাবমিট করলে স্বয়ংক্রিয়ভাবে ক্লাস রোল প্রদান করা হবে। তারপর উক্ত পুরণকৃত ফরম প্রিন্ট করতে হবে এবং অন্যান্য কাগজপত্রের সাথে কলেজে জমা দিতে হবে।

<u>৩য় ধাপ</u>: কলেজ হতে মূল ভর্তি ফরম সংগ্রহ করে এর সকল তথ্য সঠিকভাবে পুরণ করে পুরণকৃত ফরম প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্নে উল্লিখিত সময়ের মধ্যে কলেজে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। সকল কার্যক্রম শিক্ষার্থীকে নিজে উপস্থিত থেকে সম্পন্ন করতে হবে।

| | | |
|---|---|---|
| কাগজপত্র জমাদানের তারিখ ও সময় | ১৫/০৭/২০২৪, ২২/০৭/২০২৪ ও ২৪/০৭/২০২৪ তারিখ | সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত |
| | ১৬/০৭/২০২৪, ১৮/০৭/২০২৪, ২১/০৭/২০২৪ ও ২৩/০৭/২০২৪ তারিখ | দুপুর ২টা থেকে বিকাল ৪টা পর্যন্ত |

### ডাচ্-বাংলা মোবাইল ব্যাংকিং "রকেট" এর মাধ্যমে ফি পরিশোধ-এর নিয়মাবলি:

মোবাইল থেকে *322# লিখে যে সিমে DBBL Rocket একাউন্ট আছে সেই সিম থেকে ডায়াল করতে হবে। এরপর 1 লিখে সেন্ড করতে হবে। এরপর শিক্ষার্থী নিজ মোবাইল থেকে টাকা প্রদান করলে 1 এবং অন্য মোবাইল থেকে টাকা প্রদান করলে 2 লিখে সেন্ড করতে হবে (2 নির্বাচন করলে যে মোবাইলে মেসেজ পেতে ইচ্ছুক সেই Mobile Number দিতে হবে)। এরপর 0 লিখে সেন্ড করতে হবে। তারপর Enter Biller ID এর ঘরে 3071 (শুধুমাত্র জাহাঙ্গীরপুর সরকারি কলেজের জন্য) লিখে সেন্ড করতে হবে। এরপর Enter Biller No. এর ঘরে বিজ্ঞান শাখার জন্য 24250101******, মানবিক শাখার জন্য 24250102****** এবং ব্যবসায় শিক্ষা শাখার জন্য 24250103****** লিখে সেন্ড করতে হবে। এখানে ****** এর স্থলে শিক্ষার্থীর ৬ ডিজিটের এসএসসি পরীক্ষার রোল (যেমন-112233) লিখতে হবে। এরপর Enter Amount এর ঘরে নোটিশে উল্লিখিত টাকার পরিমাণ (যার জন্য যেটা প্রযোজ্য) লিখে সেন্ড করতে হবে। এরপর রকেট একাউন্টের পিন নম্বরটি লিখে সেন্ড করতে হবে। সর্বশেষ প্রাপ্ত Transaction ID নম্বরটি সংরক্ষণ করতে হবে। এই Transaction ID নম্বরটি ব্যবহার করে পরবর্তীতে কলেজের ওয়েবসাইট (www.jgcbd.net) এর ডিবিবিএল ভেরিফিকেশন মেনুর শিক্ষার্থীর পেমেন্ট সাবমেনু থেকে সঠিক ভাবে টাকা পরিশোধ হয়েছে কিনা তা নিশ্চিত হওয়া যাবে। [উল্লেখ্য Biller No. এর 2425-শিক্ষাবর্ষ, এর পরের 01- একাদশ শ্রেণি, তার পরের 01-বিজ্ঞান, 02-মানবিক, 03-ব্যবসায় শিক্ষা শাখা এবং ****** শিক্ষার্থীর ৬ ডিজিটের এসএসসি পরীক্ষার রোল নির্দেশ করে।] কলেজ কর্তৃক শিক্ষার্থীকে ট্রেস করার জন্য বিলার নম্বরটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই সকলকে সঠিক এবং পরিপূর্ণ বিলার নম্বর লিখে টাকা পরিশোধ করার জন্য অনুরোধ জানানো হলো।

<u>ভর্তি ফিসের সংক্ষিপ্ত বিবরণ:</u>

| | | |
|---|---|---|
| সর্বমোট প্রদেয় | বিজ্ঞান শাখার ছাত্রদের মোট ফি = | ২৪৩০/- |
| | ছাত্রীদের বেতন (২৪০/-) ফ্রি হওয়ায় বিজ্ঞান শাখার ছাত্রীদের মোট ফি = | ২১৯০/- |
| | মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার ছাত্রদের মোট ফি = | ২৩৩০/- |
| | ছাত্রীদের বেতন (২৪০/-) ফ্রি হওয়ায় মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার ছাত্রীদের মোট ফি = | ২০৯০/- |
| কোন শিক্ষার্থীর পাঠবিরতি থাকলে পাঠবিরতি ফি বাবদ অতিরিক্ত ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে। | | |

॥ ভর্তি ফিসের বিস্তারিত বিবরণ কলেজের নোটিশ বোর্ডে পাওয়া যাবে। ॥

<u>ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা (সকল কাগজ একটি প্লাস্টিকের ট্রান্সপারেন্ট খামে ভরে ক্লাস রোল ও মোবাইল নম্বর লিখে জমা দিতে হবে)</u>

১. এস.এস.সি পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র এবং স্কুল কর্তৃক প্রদত্ত মূল প্রশংসা পত্র ও ১ সেট ফটোকপি;
২. এস.এস.সি পরীক্ষার প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এর ১ সেট ফটোকপি;
৩. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র এবং শিক্ষার্থীর জন্য নিবন্ধন সনদের ১ সেট ফটোকপি (সত্যায়িত);
৪. সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজ ও ২ কপি স্ট্যাম্প সাইজ ছবি;
৫. পাঠবিরতি থাকলে পূর্বের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত পাঠবিরতি সার্টিফিকেট;

- ❖ কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কোটার স্বপক্ষে মূল প্রমানপত্র প্রদর্শন করে (১ সেট ফটোকপিসহ) কমিটি দ্বারা যাচাইপূর্বক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- ❖ ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য যোগাযোগ: ০১৭১৫৩৪৯৯৫৯ (মোছাঃ শায়লা বানু), ০১৭২৩৩৯৪৮১৪ (মোঃ আরমান আলী), ০১৭১৩৭৬৭৪৫৭ (মোঃ মাহমুদুল হাসান)

(স্বাক্ষর) 10.7.2024

অধ্যক্ষ
জাহাঙ্গীরপুর সরকারি কলেজ
মহাদেবপুর, নওগাঁ

(স্বাক্ষর) 10.07.2024
(মোছাঃ শায়লা বানু)
সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান ও আহ্বায়ক
একাদশ শ্রেণির ভর্তি কমিটি ২০২৪-২৫
জাহাঙ্গীরপুর সরকারি কলেজ, মহাদেবপুর, নওগাঁ